URGENT
For n/a.
27.03.2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd

স্মারক নং-২৭.০০.০০০০.০৪১.৯৯.০০২.২০ (অংশ-২).২৬৪ তারিখ ১৫ চৈত্র ১৪২৭ / ২৯ মার্চ ২০২১

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকারের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ প্রধানমন্ত্রী কার্যালয়ের পত্র নং-০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪ তারিখঃ ২৯ মার্চ ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত প্রজ্ঞাপনের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রজ্ঞাপনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

29/03/2021

(রেহেনা আকতার)
উপসচিব
ফোনঃ ৯৫১৩৩৬৪
E-mail: dsadmin@pd.gov.bd

কার্যার্থে বিতরণঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি), ঢাকা।
০২। রেক্টর, বিইপিএমআই, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
০৫। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), ঢাকা।
০৬। মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
০৭। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ঢাকা।
০৮। যুগ্মসচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/ইজিসিবি/আরপিসিএল/ওজোপাডিকো/নেসকো/এপিএসসিএল/সিপিজিসিবিএল/বিআইএফপিসিএল/বি-আর পাওয়ারজেন লিঃ, ঢাকা/খুলনা/রাজশাহী/ব্রাহ্মণবাড়িয়া
১১। উপসচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
১২। সিস্টেম এনালিস্ট, বিদ্যুৎ বিভাগ।
১৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।

জ্ঞাতার্থে অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০৩। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
০৫। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪

তারিখ ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

**প্রজ্ঞাপন**

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

ক) সকল ধরণের জনসমাগম (সামাজিক/ রাজনৈতিক/ ধর্মীয়/ অন্যান্য) সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরণের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে/ জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;

খ) মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

গ) পর্যটন/ বিনোদন কেন্দ্র/ সিনেমা হল/ থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরণের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;

ঘ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;

ঙ) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বন্ধ রাখতে হবে;

চ) বিদেশ হতে আগত যাত্রীদের ১৪ দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ছ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী খোলা/ উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে; ওষুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

জ) স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

ঝ) শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়েরই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

ঞ) সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বন্ধ থাকবে;

ট) অপ্রয়োজনীয় ঘোরাফেরা/ আড্ডা বন্ধ করতে হবে। জরুরি প্রয়োজন ছাড়া রাত ১০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;

ঠ) প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরণের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ড) করোনায় আক্রান্ত/ করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ঢ) জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/ অসুস্থ/ বয়স ৫৫-উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ণ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;

ত) সশরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরণের গণপরীক্ষার ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

থ) হোটেল-রেঁস্তোরাসমূহে ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক মানুষের প্রবেশ বারিত করতে হবে;

দ) কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।

| সচিবের দপ্তর (বিদ্যুৎ বিভাগ) | |
|---|---|
| অতিঃ সচিব (পরিকল্পনা) | • জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন |
| অতিঃ সচিব (প্রশাঃ) ✓ | • নথিতে উপস্থাপনা করুন |
| অতিঃ সচিব (উন্নঃ) | • তদন্ত পূর্বক প্রতিবেদন দিন |
| অতিঃ সচিব (সমন্বয়) | • পরীক্ষান্তে মতামত উপস্থাপন করুন |
| অতিঃ সচিব (বিধি ও ন.জ্বা.) | • আলোচনা করুন |
| অতিঃ সচিব (সুশাসন) | |
| যুগ্ম-সচিব (বাজেট) | |
| পি.এস. | |

(পৃষ্ঠা ১/২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ............................ তারিখ ............................

০২। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে সারাদেশে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২১/৩/২৪

(ড. আহমদ কায়কাউস)
**প্রধানমন্ত্রীর মুখ্য সচিব**

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/ সচিব,.......................... (সকল)- *[নিজ মন্ত্রণালয়/ বিভাগসহ আওতাধীন দপ্তর/ সংস্থা/ অফিস/ প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]*
৩. বিভাগীয় কমিশনার,............................. (সকল)
৪. জেলা প্রশাসক,................................ (সকল)

৫. .........................................

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৫. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।